

নামিবিয়া সফরে রাষ্ট্রপতি (জুন ১৫-১৭, ২০১৬)

১) মহামান্য রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায় নামিবিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মান্যবর ড. হেগ গটফ্রিড জিনগব-এর আমন্ত্রণে নামিবিয়া প্রজাতন্ত্রে একটি রাষ্ট্রীয় সফর করবেন জুন ১৫-১৭, ২০১৬। ভারতীয় রাষ্ট্রপতির এই সফর নামিবিয়ায় দু'দশকের বেশি সময় পর কোনও শীর্ষ পর্যায়ের সফর। এই সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করবে, ভারত-আফ্রিকা বন্ধন— আইএএফএস-৩-এ আরও এগিয়ে নিয়ে যাবে।

২) এই সফর রাষ্ট্রপতির তিনদেশ সফরের একটি পর্ব, যা শুরু হবে ঘানা সফরের মধ্য দিয়ে, পরবর্তীতে আইভরি কোস্ট এবং নামিবিয়া। রাষ্ট্রপতির সফরসঙ্গী হবেন একজন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, সংসদের চারজন সদস্য, ঊর্ধ্বতন কর্মকর্তা, ব্যবসায়ী এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা।

৩) সফরকালে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা হবে। এছাড়াও রাষ্ট্রপতি নামিবিয়ার সংসদের যৌথ অধিবেশন, একটি ভারত-নামিবিয়া বাণিজ্যিক ইভেন্ট এবং নামিবিয়ার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখবেন।

৪) নামিবিয়ার স্বাধীনতার পূর্ব সময় থেকেই ভারত-নামিবিয়ার মধ্যে দীর্ঘদিনের, দারুণ এবং সময় পরীক্ষিত সম্পর্ক বিদ্যমান। হাজারের বেশি নামিবিয়ান ভারতে আইটিইসি কর্মসূচির আওতায় প্রশিক্ষণ নিয়েছে। সরকারি এবং বেসরকারি শাখা থেকে বহু ভারতীয় বিশেষজ্ঞ স্বাধীনতার পর নীতি নির্ধারণে অংশ নিয়েছিলেন। বর্তমানে দু'দেশে মধ্যে বাণিজ্যিক লেনদেন কম। যাই হোক, সেখানকার অসাধারণ সম্ভাবনা বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ক আরও উন্নত করবে।

৫) মহামান্য রাষ্ট্রপতি ১৭ জুন, ২০১৬ নামিবিয়া ছাড়বেন এবং ত্রিদেশীয় সফর সেরে ভারতের উদ্দেশে রওনা দেবেন।

নয়াদিল্লি

জুন ৭, ২০১৬